

(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
বাস্তবায়ন অনুবিভাগ  
বাস্তবায়ন শাখা- ১  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং-০৭.০০.০০৭০১৬১.০৭.০০.০০০.১৩-২২৯

তারিখ : ০৭/১০/২০১৩ খ্রিঃ

প্রজ্ঞাপন

The Services (Reorganisation and Conditions) Act, 1975 (Act N0. XXXII of 1975) এর section 5 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও অর্থলগ্নি প্রতিষ্ঠানসমূহের সকল কর্মকর্তা-কর্মচারী এবং সাময়িক বাহিনীর সকল সদস্যকে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে তাঁদের মূল বেতনের ২০(বিশ) শতাংশ হারে মাসিক সর্বনিম্ন ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং সর্বোচ্চ ৬,০০০/- (ছয় হাজার) টাকা মহার্ঘ ভাতা প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এ মহার্ঘ ভাতা নিম্নরূপভাবে কার্যকর হবেঃ

- (ক) অবসর-উত্তর ছুটি (PRL)-তে থাকা কর্মকর্তা-কর্মচারীগণ ছুটি পূর্বকালীন সর্বশেষ প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে উপরিউক্ত হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;
- (খ) ০১ জুলাই, ২০১৩ তারিখ হতে পরবর্তী নতুন জাতীয় বেতনস্কেল কার্যকর হওয়ার তারিখের পূর্ব দিন পর্যন্ত যে সকল কর্মকর্তা-কর্মচারী পেনশনে গমন করেছেন বা করবেন তাঁরা মূল বেতনের সাথে এ মহার্ঘভাতা যোগ করে পেনশন নির্ধারণের সুবিধা প্রাপ্য হবেন;
- (গ) সাময়িক বরখাস্তকৃত কর্মকর্তা/কর্মচারীগণ সাময়িক বরখাস্তের তারিখের অব্যবহিত পূর্বের মূল বেতনের ৫০% (অর্ধেক) এর উপর ২০% হারে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;
- (ঘ) সরকার হতে পেনশন গ্রহণকারী কর্মকর্তা-কর্মচারীগণ পেনশনের বিদ্যমান অংশের উপর ২০% হারে মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;
- (ঙ) প্রমোদিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীগণ একই হারে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;
- (চ) জাতীয় বেতনস্কেলের আওতায় চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীদের ক্ষেত্রে চুক্তি ভিত্তিক নিয়োজিত পদে নির্ধারিত মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রযোজ্য হবে। তবে শর্ত থাকে যে, তিনি পেনশনভোগী হলে নীট পেনশন অথবা চুক্তি ভিত্তিক নিয়োজিত পদের মূল বেতনের ভিত্তিতে যে কোন এক ক্ষেত্রে এ মহার্ঘ ভাতা প্রাপ্য হবেন;
- (ছ) বিনা বেতনে ছুটিতে (Leave without pay) থাকাকালীন কর্মকর্তা/ কর্মচারীগণ এ সুবিধা প্রাপ্য হবেন না; এবং
- (জ) যে সকল অবসর গ্রহণকারী কর্মকর্তা/ কর্মচারী তাদের গ্রস পেনশনের ১০০% (একশত ভাগ) অর্থাৎ সম্পূর্ণ অংশ সমর্পন করে এককালীন আনুতোষিক উত্তোলন করেছেন তাদের ক্ষেত্রে এ সুবিধা প্রযোজ্য হবে না।

৩। সরকারের রাজস্ব বাজেট হতে প্রদত্ত অনুদানে পরিচালিত প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য স্বায়ত্বশাসিত সংস্থা/ রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও অর্থলগ্নি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীদেরকে এ মহার্ঘ ভাতা প্রদান বাবদ প্রয়োজনীয় ব্যয় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের নিজস্ব বাজেট হতে মিটাতে হবে।

৪। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং ০১ জুলাই, ২০১৩ তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/-

(মোঃ ইমদাদুল হক)

অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়

তেজগাঁও, ঢাকা।


চলমান পাতা/০২

নং-০৭.০০.০০০০.১৬১.০৭.০০.০০০.১৩-২২৯/১(২০০)

তারিখঃ ০৭/১০/২০১৩ খ্রিঃ

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল সড়ক, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
৪. সিনিয়র সচিব/ সচিব/ ভারপ্রাপ্ত সচিব, ..... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)। তাঁর আওতাভুক্ত সকল দপ্তর / সংস্থা / আর্থিক প্রতিষ্ঠানে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৫. অতিরিক্ত সচিব ..... (সকল), অর্থ বিভাগ।
৬. অর্থনৈতিক উপদেষ্টা, অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, অর্থ বিভাগ।
৭. মহাপরিচালক, মনিটরিং সেল, অর্থ বিভাগ।
৮. হিসাব মহা-নিয়ন্ত্রক, বাংলাদেশ, সেগুন বাগিচা, ঢাকা। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. যুগ্ম-সচিব, ..... (সকল), অর্থ বিভাগ।
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ বরিশাল/ রংপুর বিভাগ। তাঁর আওতাভুক্ত সকল অফিসে এর অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ..... (সকল মন্ত্রণালয়/ বিভাগ)।
১২. মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. অর্থ সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(জিনাত আরা)  
উপ-সচিব  
৯৫৪৯২৭৬